



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/23/2021

গভর্নর ক্যাথি হোকল

ছুটির দিনে নার্সিং হোমে ভিজিট করা সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"এই ছুটির মৌসুমে, দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোতে বহু নিউ ইয়র্কবাসী তাদের পরিবারের সদস্যদের সাথে সাক্ষাত করতে যাওয়ার সময়, আমি নিশ্চিত করতে চাই যে আমরা আমাদের প্রিয়জনদের সুরক্ষিত রাখার জন্য আমাদের সাধ্যমতো প্রচেষ্টা চালাচ্ছি। বছরের এসময়টি ঘনিষ্ঠে আসার সপ্তাহগুলোতে, আমরা এসব সেবা কেন্দ্রে কোভিড-19 ছড়িয়ে পড়ার বিরুদ্ধে লড়াই করার পদক্ষেপ গ্রহণ করেছি, যার মধ্যে স্টেটব্যাপী নার্সিং হোমগুলোকে সহায়তা করার জন্য মেডিকেল প্রশিক্ষণপ্রাপ্ত ন্যাশনাল গার্ড নিযুক্ত করা এবং সব সেবা কেন্দ্রের জন্য থ্যাংকসগিভিং এর সময় থেকে বুস্টার ডোজ প্রদান করা আবশ্যিক করা অন্তর্ভুক্ত রয়েছে। যদি আপনার কোনো প্রিয়জন বুস্টার ডোজ গ্রহণের জন্য সম্মতি প্রদানে অক্ষম হন, তাহলে অনুগ্রহ করে তাদের পক্ষ থেকে সম্মতি দিন।

"এই শীতকালীন সংক্রমণ বৃদ্ধি এবং নতুন, সংক্রামক ভ্যারিয়েন্টের বিরুদ্ধে লড়াই করার এই সময়ে, আমাদের সবাইকে নিজেদের দায়িত্ব পালন করতে হবে। আমাদের স্বাস্থ্য বিভাগ (Department of Health) ভিজিটরদেরকে টিকা ও বুস্টার ডোজ গ্রহণ করতে এবং আবশ্যিকতা অনুযায়ী সব সময় মাস্ক পরিধান করতে জোরালোভাবে উৎসাহ প্রদান করছে। এই সাময়িক পদক্ষেপ আপনার প্রিয়জনদের নিরাপদ ও জীবিত রাখতে সাহায্য করবে।

"আমি জানি আমাদের প্রিয়জনদের থেকে দূরে থাকা একটি কঠিন ব্যাপার, বিশেষ করে ছুটির দিনগুলোতে, কিন্তু অনুগ্রহ করে আপনার জীবনের সবচেয়ে অসহায় ব্যক্তির কথা সবসময় মনে রাখতে ভুলবেন না, এবং তাদেরকে সুরক্ষিত রাখতে পদক্ষেপ গ্রহণ করুন। একসঙ্গে, আমরা একে অপরকে নিরাপদ রাখার যৌক্তিক পদক্ষেপ গ্রহণ করতে পারলে আমরা এই শীতকালীন সংক্রমণ বৃদ্ধি মোকাবেলা করতে পারবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418